ন্যায্য শুনানির নোটিস অস্থায়ী এবং প্রতিবন্ধী সহায়তার অফিস (OFFICE OF TEMPORARY AND DISABILITY ASSISTANCE, OTDA)

OAH – 457-BE
XL0001 (10/12)

এই নোটিসটি রাখুন এবং আপনার শুনানির সময় সাথে আনুন

নিউ ইয়র্ক স্টেট প্রতিলিপি পাঠানো হয়েছে যাকেঃ

XXXXX XXXXXXXX
XXXXXXXXXXXXXXXXX
XXXXXX XX XXXXXX

সামাজিক সেবা আইনের (Social Services Law) সেকশন 22 অনুসারে একটি ন্যায্য শুনানির জন্য আপনার অনুরোধের প্রেক্ষিতে, আপনার শুনানি নিচের সময় ও স্থানে অনুষ্ঠিত হবেঃ

A ন্যায্য শুনানি নম্বর XXXXXXXX	F শুনানির স্থান নিউ ইয়র্ক অফিস অব টেম্পোরারি এন্ড ডিজ্যাবিলিটি অ্যাসিসটেন্স ন্যায্য শুনানি পরিচয়পত্র আবশ্যক নিরাপত্তা পরীক্ষা গ্রহণের সময়
B সাহায্যের অবস্থা স্থানীয় অফিসকে শুনানির সিদ্ধান্ত জারি হওয়ার আগে পর্যন্ত অপরিবর্তিত সহায়তা অব্যাহত রাখতে নির্দেশ দেওয়া হচ্ছে/হচ্ছে না। উল্টোপৃষ্ঠায় অনুচ্ছেদ ৮ দেখুন	G এজেন্সি XXX/XXX/XXX
C প্রতিনিধি	H সময় XX:XX সকাল/বিকাল
D সমস্যাসমূহ XXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXXX	I বিভাগ এবং মামলা নম্বর XX/XXXXXXXXXXXXXXX
E তারিখ XX/XX/XX	J শুনানি অনুরোধের তারিখ XX/XX/XX নতুন

পার্টিসমূহের প্রতি নির্দেশনা

1. আপনি এজেন্সি–কর্তৃক আপনার প্রাপ্ত সহায়তা, সুবিধা বা সেবা পরিবর্তনের কারণে আপনি যদি শুনানির অনুরোধ করে থাকেন, তাহলে সিদ্ধান্ত হওয়ার পূর্ব পর্যন্ত আপনি আপনার সহায়তা, সুবিধা বা সেবা অপরিবর্তিত অবস্থায় পাওয়ার অধিকার রাখতে পারেন এই ক্ষেত্রে, স্টেটের কমিশনার (STATE COMMISSIONER) শুনানির সিদ্ধান্ত ঘোষণার আগে পর্যন্ত আপনার সহায়তা, সুবিধা বা সেবা অপরিবর্তিত অবস্থায় প্রদান করতে এজেন্সি কে নির্দেশ দিয়েছে/দেয় নি।
2. আপনি যদি নির্ধারিত সময়ে উপস্থিত থাকতে না পারেন, তাহলে আপনি আমাদের 14 বোয়েরাম প্লেস, ব্রুকলিন, নিউ ইয়র্কে আমাদের অফিসে এসে স্থগিতকরণের অনুরোধ করতে পারেন, বা 877-209-1134 নম্বরে ফোন করে বা অনলাইনে http://otda.ny.gov/oah এখানে, যেখানে আপনাকে একটি অনলাইন অনুরোধ ফর্ম পূরণ করতে হবে অথবা ফরম প্রিন্ট করতে পারেন যা আমাদের মেইল বা ফ্যাক্স করা যাবে। শুনানির দশ দিনের কম সময়ে করা স্থগিতকরণ অনুরোধ প্রক্রিয়াজাত করার জন্য যথেষ্ট সময় নাও থাকতে পারে। আপনি যদি আমাদের থেকে কোনো উত্তর না পান, ধরে নিবেন না যে আপনার অনুরোধ মঞ্জুর করা হয়েছে।
একটি স্থগিতকরণ শুধু তখনই মঞ্জুর করা হবে যদি উপস্থিত না হওয়ার জন্য আপনার কোনো বৈধ কারণ থাকে। শুনানি প্রক্রিয়াধীন থাকার সময় আপনি যদি সহায়তা, সুবিধা বা সেবা অপরিবর্তিতভাবে অব্যাহতভাবে পেতে থাকেন এবং আপনি যদি একটি স্থগিতাদেশের জন্য অনুরোধ করেন, আপনার সহায়তা, সুবিধা বা সেবা শুনানির সিদ্ধান্ত পর্যন্ত অব্যাহত থাকবে শুধু যদি আপনার স্থগিতকরণ অনুরোধ মঞ্জুর করা হয়। উপস্থিত হতে বা আপনার অনুপস্থিতির জন্য একটি বৈধ কারণসহ আমাদের সাথে যোগাযোগ করতে ব্যর্থ হলে, আপনার সহায়তা, সুবিধা বা সেবা অপরিবর্তিত অবস্থায় অব্যাহত থাকবে না।
3. আপনার বিলম্বের কারণে আপনার শুনানি স্থগিত করে দেয়া হতে পারে। যদি নির্ধারিত সময়ের শুনানিতে আপনি বা আপনার প্রতিনিধি উপস্থিত থাকতে ব্যর্থ হয়, আপনার শুনানির অনুরোধ পরিত্যক্ত হিসেবে বিবেচিত হবে যদি না শুনানির নির্ধারিত তারিখের এক বছরের মধ্যে আপনি বা আপনার প্রতিনিধি অনুপস্থিতির একটি ভালো কারণ দেখিয়ে নতুন তারিখের জন্য অনুরোধ না করেন।
4. আপনি যদি ন্যায্য শুনানিটি আর না চান, অনুগ্রহ করে নিম্নের বিবৃতিটি স্বাক্ষর করুন এবং এই নোটিসটি ফেরত পাঠান এই ঠিকানায় - OTDA, Administrative Hearings, P.O. Box 1930, Albany, NY 12201।

আমি আমার ন্যায্য শুনানির অনুরোধ প্রত্যাহার করতে চাই।

_______________ __________
স্বাক্ষর তারিখ

অতিরিক্ত নির্দেশনার জন্য পৃষ্ঠা উল্টান

পার্টিসমূহের প্রতি নির্দেশনা

1) আপনার শুনানিতে এই জিনিসগুলি নিয়ে আসবেন: এই নোটিশ; সাক্ষী, যদি থাকে; প্রমাণ দলিল, যার মধ্যে আপনার অনুরোধের সাথে সম্পর্কিত স্থানীয় এজেন্সির নোটিস অন্তর্ভুক্ত; বই, রেকর্ড এবং অন্যান্য লিখিত প্রমাণাদি।

2) প্রমাণ দলিল পেশ করার, সাক্ষী আনার এবং প্রতিপক্ষের সাক্ষী ও প্রমাণাদি পরীক্ষা করার জন্য একজন অ্যাটর্নি বা অন্যান্য প্রতিনিধি দ্বারা নিজের প্রতিনিধিত্ব করার অধিকার আপনার রয়েছে। অধিকাংশ ক্ষেত্রে, আপনার প্রতিনিধির (অ্যাটর্নি ছাড়া) আপনাকে প্রতিনিধিত্ব করার জন্য আপনার লিখিত অনুমোদন লাগবে।

3) শুনানিতে বিনামূল্যে ভাষা বা সঙ্কেত অনুবাদক পাওয়ার অধিকার আপনার আছে। একজন অনুবাদক নিশ্চিত করার জন্য, এই নোটিসের উপরে থাকা নিউ ইয়র্ক স্টেটের OTDA ঠিকানায় চিঠি লিখুন বা (800) 342-3334 নম্বরে ফোন করুন (বাক বা শ্রবণ প্রতিবন্ধী হলেঃ নিউ ইয়র্ক রিলে সেবায় ফোন করুন 711 নম্বরে বা অপারেটরকে অনুরোধ করুন আমাদের ফোন করতে (877) 502-6155 নম্বরে)।

4) স্থানীয় এজেন্সিকে অবশ্যই আপনার, আপনার প্রতিনিধি ও সাক্ষীর জন্য পরিবহন ব্যবস্থা করতে হবে এবং প্রয়োজন হলে শুনানিতে উপস্থিত হওয়ার জন্য শিশুর যত্নসহ অন্যান্য ব্যয় বহন করতে হবে। অনুগ্রহ করে গণপরিবহন� ভ্রমণ করতে না পারার মেডিক্যাল প্রতিপাদনসহ সব ব্যয়ের প্রতিপাদন প্রস্তুত রাখুন এবং স্থানীয় এজেন্সিকে নিজেই উপস্থাপন করুন।

5) আপনি যদি আপনার মামলার রেকর্ড পর্যবেক্ষণ করতে চান, নির্দেশনার জন্য আপনার স্থানীয় এজেন্সির সাথে যোগাযোগ করুন। তবে আপনি যদি বিশ্বাস করেন যে আপনার মামলার রেকর্ডে দেয়া তথ্য আপনার শুনানির জন্য উপযোগী হবে তাহলে আমরা সুপারিশ করবো যে আপনার শুনানির তারিখের আগে সেটি পর্যবেক্ষণ করুন। আপনি মামলার রেকর্ড পর্যবেক্ষণের লক্ষে শুনানি স্থগিত করা হবে না। আপনার মামলার রেকর্ড পুনরায় দেখার জন্য আপনাকে ন্যায্য শুনানির অনুরোধ করতে হবে না। আপনার মামলার রেকর্ড পুনরায় দেখতে দেওয়ার ক্ষেত্রে যেকোনো অস্বীকৃতি, প্রশাসনিক আইন বিচারককে (Administrative Law Judge) জানাতে হবে।

6) শুনানিতে স্থানীয় এজেন্সি যেসব নথিপত্র উপস্থাপন করবে তার প্রতিলিপি এবং আপনার শুনানির জন্য প্রয়োজনীয় অন্য সকল নথিপত্র বিনামূল্যে পেতে অনুরোধ করার অধিকার আপনার রয়েছে। <u>আপনি নির্দিষ্ট করে অনুরোধ না করলে নথিপত্র আপনাকে পাঠানো হবে না।</u> স্থানীয় এজেন্সি যদি এইসব প্রতিলিপি আপনাকে প্রদান করতে ব্যর্থ হয় তাহলে তা প্রশাসনিক আইন বিচারককে জানাতে হবে।

7) এইসব নথির জন্য অনুরোধ করতে বা আপনি কীভাবে আপনার মামলার রেকর্ড পুনরায় দেখতে পারেন তা জানতে, যে স্থানীয় এজেন্সির কার্যক্রম গ্রহণের কারণে আপনি ন্যায্য শুনানি অনুরোধ করেছেন তাদের ফোন করুন বা চিঠি লিখুন। আপনি যদি আপনার মামলার ব্যাপারে অতিরিক্ত তথ্য চান তাহলেও আপনার উচিত ওই এজেন্সিকে ফোন করা বা চিঠি লেখা, এটি জানার জন্য যে কীভাবে আপনি যেকোনো নথির অতিরিক্ত প্রতিলিপি বা আপনার মামলার ফাইল পেতে পারেন।

8) যদি স্থানীয় এজেন্সিকে শুনানির সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত আপনার সহায়তা, সুবিধা বা সেবা অপরিবর্তিতভাবে অব্যাহত রাখতে বলা হয় এবং আপনি সুবিধা প্রদানকারী সাহায্য না পেয়ে থাকেন, অনুগ্রহ করে আপনার নোটিসটি আপনার স্থানীয় কেন্দ্র (স্থানীয় এজেন্সি) তে আনুন এবং FH ও C সেকশনের কোনো কর্মীর সাথে কথা বলতে চান (নিউ ইয়র্ক শহরের বাইরের মক্কেলদের উচিত নিজেদের কর্মীর সাথে কথা বলার বিষয়টি জানানো)।

9) আপনার যদি এটি বিশ্বাস করার মতো নির্দিষ্ট কারণ থাকে যে প্রশাসনিক আইন বিচারক আপনার শুনানি নিরপেক্ষভাবে পরিচালনা করতে পারবে না, শুনানিতে একজন ভিন্ন প্রশাসনিক আইন বিচারক চাওয়ার অধিকার আপনার রয়েছে।